# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০।

## শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫ উপলক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদের বাণী

২১শে ফেব্রুয়ারি (৮ই ফাল্গুন) বাংলাদেশের ইতিহাসে এক গৌরবময় দিন। মাতৃভাষা রক্ষায় রফিক, জব্বার, সালাম, বরকত ও সফিউরের আত্মত্যাগ আজও আমাদের অনুপ্রেরণা যোগায়। তাদের রক্তের বিনিময়ে বাংলা ভাষা পেয়েছে সম্মান ও মর্যাদা, যা জাতিসত্তার বিকাশ ও স্বাধীনতার পথকে প্রসারিত করেছে। ভাষা আন্দোলন ছিল শোষণের বিরুদ্ধে ন্যায়ের, সংকীর্ণতার বিপরীতে উদারতার এবং অসুন্দরের বিরুদ্ধে সুন্দরের প্রতীক। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি বাঙালির জাতীয় চেতনার প্রথম জাগরণ এবং আত্মপরিচয়ের এক অমর দলিল। ২০১০ সালে জাতিসংঘের ৬৫তম সাধারণ অধিবেশনে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়া আমাদের জন্য এক অনন্য অর্জন। এর মাধ্যমে বাংলা ভাষা বিশ্বব্যাপী মর্যাদা লাভ করেছে। উন্নত বিশ্বের মতো আমাদেরও মাতৃভাষাভিত্তিক শিক্ষা ও গবেষণার ওপর জোর দেওয়া প্রয়োজন। এতে আমাদের মেধা ও সংস্কৃতি সমৃদ্ধ হবে, শহিদদের স্বপ্নও বাস্তবায়িত হবে। পাশাপাশি বৈষম্যহীন, গণতান্ত্রিক ও সম্প্রীতির বাংলাদেশ গড়ে তোলাই আমাদের লক্ষ্য। আসুন, ভাষা শহিদদের আদর্শ বুকে ধারণ করে, বিভেদ ভুলে, ঐক্যের বন্ধনে জাতিকে এগিয়ে নিয়ে যাই।

অধ্যাপক ড. সৈয়দ সায়েম উদ্দিন আহম্মদ
উপাচার্য
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়।

২০ ফেব্রুয়ারি, ২০২৫
হবিগঞ্জ।